জীবননগরে আইনশৃংখলা বিষয়ক মাসিক সভা অনুষ্ঠিত

জীবননগর উপজেলায় আইনশৃংখলা ও চোরচালান বিষয়ক মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বৃহসপ্রতিবার বেলা ১১টার সময় জীবননগর উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা পরিষদের হলরুমে উপজেলায় আইনশৃংখলা ও চোরচালান প্রতিরোধ বিষায়ক মাসিক সভা অনুষ্ঠিত হয়।

জীবননগর উপজেলা নির্বাহী অফিসার হাসিনা মমতাজের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন,জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী মোঃ হাফিজুর রহমান।বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন,জীবননগর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আঃ সালাম ঈশা,মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী,উপজেলার সহকারী কমিশনার ভ’মি তিথি মিত্র,বীর মুক্তিযোদ্ধা সাইদুর রহমান,উপজেলা কৃষি অফিসার মনিরুজ্জামান,সাংবাদিক জাহিদ বাবু,মিঠুন মাহমুদ প্রমুখ।

শারদীয় দূর্গাপুজা উপলক্ষে মেহেরপুর জেলা পুলিশের মতবিনিময় সভা

আসন্ন শারদীয় দুর্গাপূজা ২০২৩ সুষ্ঠু-সুন্দর ভাবে উদযাপন এবং সার্বিক নিরাপত্তার পরিকল্পনা নিয়ে মেহেরপুর জেলা পুলিশের মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বৃহস্পতিবার (২৮ সেপ্টেম্বর) সন্ধ্যা সাতটায় মেহেরপুর জেলা পুলিশের আয়োজনেপুলিশ সুপারের সম্মেলন কক্ষে মেহেরপুর সদর, গাংনী ও মুজিবনগর উপজেলার বিভিন্ন পূজা মণ্ডপের প্রতিনিধিদের নিয়ে

[illegible] [illegible] [illegible] [illegible]

[illegible] [illegible] [illegible] [

গ্রেফতারকৃতরা হলেন, বর্তমান চেয়ারম্যান মফিজ সমর্থক বদরুল হোসেন, খলিলুর রহমান, তুহিন হোসেন, রবিউল ইসলাম, শাহাবুদ্দিন মামুন, বুলু, আক্তার হোসেন, পিকুল হক, আমিরুল ইসলাম, আব্দুল গাফফার, আব্দুল কাদের, হজরত আলী, আশরাফুল ইসলাম, মোহাম্মদ আলী, সজিব হোসেন, ইকতিয়ার আলি। সাবেক চেয়ারম্যান ফারুক বিশ^◌াসের সমর্থকদের মধ্যে আছে শিকদার আলী, রবিউল ইসলাম, ইসরাইল হোসেন, মাজেদুল হক, মুকুল আলী, আজিবর রহমান, জাহিদুল ইসলাম, আজাহার আলী, ওবাইদুল্লাহ ও আবুবকর সিদ্দিক।
গ্রেফতারকৃতরা সবাই ওই ইউনিয়নের শাহবাজপুর গ্রামের বাসিন্দা। শৈলকুপা থানার ওসি মোঃ আমিনুল ইসলাম জানান, বর্তমান ও সাবেক চেয়ারম্যানদের সমর্থকদের মধ্যে আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে দীর্ঘদিন যাবৎ বিরোধ চলে আসছিল। ঘটনার দিন উভয়পক্ষ দেশীয় অস্ত্র নিয়ে বিরোধে জড়ালে শান্তি শৃংখলা বজায় রাখার পুলিশ বাদী হয়ে জন্য উভয় পক্ষের লোকজনের নামে মামলা দিয়ে গ্রেফতার অভিযান শুরু করে।
এছাড়া থানা পুলিশ অভিযান চালিয়ে নিয়মিত মামলায় ৪জন গ্রেফতার পুলিশ।

এরা হলেন উপজেলার বুড়ামারা গ্রামের তুজাম্মেল, দেবতলা গ্রামের জাহিদুল ইসলাম ও লতিফ, এবং নারী নির্যাতন মামলায় খোন্দকবাড়িয়া গ্রামের ইসমাইল কে আটক করে থানা পুলিশ।

গাংনী উপজেলা চত্ত্বরে মাদক আখড়ায় হানা দু’জনের জেল জরিমানা

গাংনী উপজেলা খাদ্য গুদামের পেছনে একটি মাদক আখড়ায় অভিযান চালিয়েছে ভ্রাম্যমান আদালত ও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর। এসময় গাঁজা রাখা ও সেবনের অভিযোগে তিনজনকে আটক করা হয়।

এদের মধ্যে ভ্রাম্যমান আদালত বসিয়ে মাদক কারবারী বদরুল ইসলামের নামে নিয়মিত মামলা রুজুর আদেশ ও দুজনকে সাত দিনের কারাদন্ড ও ২০০

টাকা করে জরিমানা করেন।
দন্ডিতরা হচ্ছে- গাংনী মহিলা কলেজপাড়ার বদরুল ইসলামের ছেলে সুমন
(২০) ও বাজার পাড়ার আব্দুর রহমানের ছেলে আসলাম সিদ্দিকী নাজু (৩৮)।

বৃহষ্পতিবার (১২ মে) বেলা তিনটার দিকে গাংনীর সহকারী কমিশনার (ভূমি) নাজমুল আলম এ ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন। দন্ডিতদেরকে গাংনী থানায় সোপর্দ করা হয়েছে।

ভ্রাম্যমাণ আদালতের নির্বাহী হাকিম নাজমুল আলম জানান, উপজেলা পরিষদ চত্ত্বরের খাদ্য গুদামের পেছনে বদরুল ইসলাম মাদকের আখড়া পরিচালনা করছে এবং সেখানে কয়েকজন মাদক সেবন করছে সংবাদের ভিত্তিতে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের একটি টীমসহ অভিযান চালানো হয়। এসময় বদরুল ইসলামসহ তিনজনকে আটক করা হয়। পরে ভ্রাম্যমান আদালতে সুমন হোসেন (২০) ও আসলাম সিদ্দিকী (৩০) কে সাত দিন করে কারাদণ্ডাদেশ ও ২০০ টাকা করে জরিমানা করা হয়। অপরদিকে ৬৫০ গ্রাম গাঁজা পাওয়া যাওয়ায় বদরুল আলমের নামে নিয়মিত মামলা রুজুর আদেশ দেয়া হয়।

গাংনীতে নিষিদ্ধ ট্যাবলেটসহ আটক-১

মেহেরপুরের গাংনীতে আশিক (১৮) নামের এক মাদকসেবীকে আটক করেছে গাংনী থানা পুলিশ।
রোববার রাত সাড়ে ৮ টার দিকে গাংনী বাজারের সদর উদ্দিন মার্কেটে হিরকের সোনার দোকানের পাশ থেকে তাকে আটক করা হয়। এ সময় তার দেহ তল্লাশি করে চার পিস নিষিদ্ধ সিনটাডল-100gm ট্যাবলেট উদ্ধার করা হয়। আটককৃত আশিক উপজেলার গাঁড়াডোব গ্রামের পুকুরপাড়ার রবিউল ইসলামের ছেলে।
গাংনী থানা অফিসার ইনচার্জ বজলুর রহমান জানান, গাংনী বাজারে সদর উদ্দিন মার্কেটে হিরকের সোনার দোকানের পাশে তিনজন মাদকসেবী অবস্থান করছে এমন গোপন সংবাদের ভিত্তিতে গাংনী থানা পুলিশ পরিদর্শক (তদন্ত) শাহ আলম ও সেকেন্ড অফিসার প্রহলাদ অভিযান চালিয়ে আশিক নামের এক যুবককে ৪ পিস নিষিদ্ধ সিনটাডল- 100mg

ট্যাবলেটসহ আটক করেন। এ সময় আশিকের সাথে থাকা দুজন সুকৌশলে পালিয়ে যায়। আটককৃত আশিকের বিরুদ্ধে গাংনী থানায় মামলার প্রক্রিয়া চলছে।

মেহেরপুরে ৬৫ পিস ইয়াবাসহ কারারক্ষী আটক

মেহেরপুর শহর সংলগ্ন খন্দকারপাড়ায় জেলা কারাগারের পাশে অভিযান চালিয়ে ৬৫পিস ইয়াবাসহ আব্দুল আলিম বিশ্বাস নামের এক কারারক্ষীকে আটক করেছে জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশ।

মঙ্গলবার সন্ধা ৬ টার দিকে ডিবি পুলিশের ওসি জুলফিকার আলীর নেতৃত্বে এ অভিযান পরিচালনা করেন।

আটক আব্দুল আলিম বিশ্বাস মেহেরপুর জেলা কারাগারের কারারক্ষী হিসেবে কর্মরত রয়েছেন, তাঁর আইডি নাম্বার ৪১৯১১। তিনি কুষ্টিয়া জেলার দৌলতপুর উপজেলা হাসপাতাল পাড়ার তজির উদ্দিন বিশ্বাসের ছেলে।

অভিযানে আরও উপস্থিত ছিলেন ডিবি পুলিশের এস আই অজয় কুমার কুন্ডু, এ এস আই জসিম, মাহাতাবসহ ডিবি পুলিশের কয়কজন সদস্য।

ওসি জুলফিকার আলী জানান, গোপন সংবাদের ভিত্তিতে মেহেরপুর খন্দকারপাড়ায় ইয়াসিন আলীর মালিকানাধীন একটি বাড়ি থেকে ৬৫ পিচ ইয়াবাসহ আব্দুল আলিম বিশ্বাস নামের এক কারারক্ষীকে আটক করা হয়েছে। আটক আব্দুল আলিম বিশ্বাস ওই বাড়িতে ভাড়ায় থাকেন। তিনি মেহেরপুর জেলা কারাগারের কারারক্ষী হিসেবে কর্মরত আছেন।

ওসি আরও জানান, আব্দুল আলিম বিশ্বাস এর আগেও নড়াইলে কারারক্ষীর দায়িত্ব পালন করার সময় দায়িত্বে অবহেলার কারনে ৭ মাস সাময়িক বরখাস্ত ছিল।

মেহেরপুর জেলা কারাগারের জেলার শরিফুল আলম জানান, আগামিকাল কারাগারে আসলে তাঁকে সাময়িক বরখাস্ত করা হবে এবং বিভাগীয় ব্যবস্থা নেওয়া হবে।

গাংনীতে ৬ কেজি গাঁজাসহ দু’মাদক ব্যবসায়ীকে আটক

মেহেরপুরের গাংনীতে ৬ কেজি গাঁজা সহ দুজন মাদক ব্যবসায়ীকে আটক করেছে পুলিশ।
শুক্রবার বিকাল তিনটার সময় উপজেলার মটমুড়া ইউনিয়নের আকুবপুর চেকপোষ্ট থেকে গাঁজাসহ তাদের আটক করা হয়।
আটককৃতরা হলেন রাজবাড়ী জেলার গোয়ালন্দঘাট থানার দৌলতদিয়া এলাকার ইদ্রিস মৃধার ছেলে সোহেল মৃধা (২৫) ও একই এলাকার কনা হিজড়া(২৭)।
গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ওসি মোঃ ওবায়দুর রহমান জানান, দুজন মাদক ব্যবসায়ী স্কুলব্যাগ যোগে গাঁজা পাচার করছে এমন সংবাদের ভিত্তিতে মেহেরপুরের পুলিশ সুপার এসএম মুরাদ আলীর নির্দেশে আকুবপুর এলাকায় অভিযান চালিয়ে তাদের গ্রেপ্তার করা হয়। পরে তাদের ব্যাগ তল্লাশি করে ৬কেজি গাঁজা উদ্ধার করা হয়। গ্রেপ্তারকৃতদের বিরুদ্ধে গাংনী থানায় মাদকদ্রব্য আইনে মামলা দায়ের পূর্বক আদালতে সোপর্দ করা হবে। তিনি আরো জানান সোহেল মৃধার নামে অস্ত্র ও মাদকের একটি মামলা রয়েছে।